

পরিপত্র

অতি সম্প্রতি লক্ষণীয় যে, এ অধিদপ্তরাধীন কিছু সংখ্যক কর্মচারী তাদের স্বার্থ সংশ্লিষ্ট সুবিধাজনক অফিসে বদলি, অকালিন বদলি, বদলি স্থগিতকরণ এবং এতদসম্পর্কিত একান্ত ব্যক্তিগত সুযোগ-সুবিধা লাভ কিংবা তার পক্ষে হস্তক্ষেপ করার জন্য জনপ্রতিনিধি, বিশিষ্ট রাজনৈতিক নেতৃবৃন্দ, গণমাধ্যম কর্মী, সমন্বয়ক ও বিচার বিভাগসহ অন্যান্য বিভাগের পদস্থ কর্মকর্তা বা কোনো বেসরকারি ব্যক্তির নিকট দ্বারস্থ হয়ে অনাকাঙ্ক্ষিত তদবিরের শরনাপন্ন হয়ে অধিদপ্তর কর্তৃক গৃহীত প্রশাসনিক সিদ্ধান্ত/আদেশ/নির্দেশকে প্রভাবিত/পরিবর্তন/বাতিল করার অনৈতিক প্রচেষ্টায় লিপ্ত হচ্ছে; যা প্রশাসনিক কাজের বিঘ্ন সৃষ্টিসহ প্রশাসনকে এক বিব্রতকর পরিস্থিতির মধ্যে ঠেলে দিচ্ছে। এহেন বিধিবিহীন তদবির/বহির্প্রভাব খাটানো সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ পরিপত্রী এবং শাস্তিযোগ্য অপরাধ।

০২। সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর বিধি-২০ ও ৩০ এবং অধিদপ্তরের ১৬.০৩.১৯৯৮ খ্রি. তারিখের ২৭৯৯(৭০) ন. স্মারকের বরাতে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক অধিদপ্তরাধীন কর্মচারীগণকে কঠোরভাবে সতর্ক করা যাচ্ছে যে, অতঃপর কেহ বদলি কিংবা অন্য কোনো স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে হস্তক্ষেপ করা বা একান্তই ব্যক্তিগত সুযোগ-সুবিধা লাভের উদ্দেশ্যে জনপ্রতিনিধি, বিশিষ্ট রাজনৈতিক নেতৃবৃন্দ, গণমাধ্যম কর্মী, সমন্বয়ক বা পদস্থ কর্মকর্তা বা কোনো বেসরকারি ব্যক্তির নিকট প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তদবির করা বা দ্বারস্থ হওয়া সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর আওতায় অসদাচরণ হিসেবে গণ্য হবে এবং সংশ্লিষ্ট কর্মচারীর বিরুদ্ধে এ বিধির আওতায় ব্যবস্থা গ্রহণ করা হবে। অধিকন্তু অসদাচরণের বিষয়টি বার্ষিক গোপনীয় অনুবেদন (ACR) -এ বিরূপ মন্তব্য হিসেবে লিপিবদ্ধ করা হবে। তদানুসারে কোনো কর্মচারী উক্ত বিধিমালায় সংশ্লিষ্ট বিধি লঙ্ঘন করলে গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর আওতায় অসদাচরণের দায়ে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণের জন্য দায়ী হবেন।

০৩। প্রসঙ্গত উল্লেখ্য যে, অধিদপ্তরাধীন কর্মচারীগণের মধ্যে যদি কারও কোনো ন্যায্যতঃ, যৌক্তিক ও বাস্তবসম্মত প্রকৃতপক্ষে কোনো সমস্যা বা অসুবিধার উদ্ভব হয়; সেক্ষেত্রে উক্ত যৌক্তিক/বাস্তবসম্মত বিষয় উল্লেখপূর্বক প্রয়োজ্য ক্ষেত্রে প্রমাণকসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অধিদপ্তরে প্রেরণ করা হলে তা উপযুক্ততার বিবেচনায় গৃহীত হতে পারে।

স্বঃ-

মোঃ নূর ইসলাম
মহাপরিদর্শক, নিবন্ধন
বাংলাদেশ, ঢাকা।

১৭ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ

তারিখ: -----

০২ ডিসেম্বর ২০২৪ খ্রি.

স্মারক নম্বর: ১০.০৫.০০০০.০০৫.৯৯.০০১.২৪- ৩৮০ (৭৭)

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো:-

০১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২. মাননীয় সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো:-

০১. সহকারী মহাপরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।

০২. রেজিস্ট্রি অফিসসমূহের পরিদর্শক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা। অধিদপ্তরে তাঁর সেকশনে কর্মরত কর্মচারীগণকে বিষয়টি অবহিত নিশ্চিত করার জন্য বলা হলো।

০৩. জেলা রেজিস্ট্রার, ----- (সকল)। তাঁর জেলাধীন সকল কর্মকর্তা/কর্মচারীকে পরিপত্রে নির্দেশিত বিধানাবলি যথাযথভাবে পালনের নির্দেশ প্রদানসহ প্রেরণপূর্বক অবহিত নিশ্চিতকরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

০৪. প্রশাসনিক কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।

০৫. শাখা প্রধান, শাখা-১/২/৩/৪/৫/৬, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।

০৬. শাখা-০২, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা। অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য।

০৭. অফিস কপি।



মোঃ নূর ইসলাম
মহাপরিদর্শক, নিবন্ধন
বাংলাদেশ, ঢাকা।

০২/১২/২৪